AEC
Australian Electoral Commission

Bengali/বাংলা

# গণভোট

ফেডারেল গণভোট হল সংবিধানে প্রস্তাবিত কোন পরিবর্তন সম্পর্কিত একটি প্রশ্নের উপর জাতীয় পর্যায়ে ভোট নেয়া। সংবিধান হল আমাদের দেশ কীভাবে পরিচালিত হয়, তার প্রতিষ্ঠাকালীন দলিল। ১৯০১ সাল থেকে ৪৪টি গণভোট অনুষ্ঠিত হয়েছে। শেষবার গণভোট অনুষ্ঠিত হওয়ার পর থেকে অনেক দিন পার হয়ে গেছে – শেষ গণভোটটি হয়েছিল ২০ বছরেরও বেশি সময় আগে, ১৯৯৯ সালে।

## কাদের ভোট দিতে হবে

১৮ বছর বা তদূর্ধ্ব সকল অস্ট্রেলীয় নাগরিককে গণভোটে অবশ্যই ভোট দিতে হবে। আপনাকে অবশ্যই নাম তালিকাভুক্ত করতে হবে এবং যদি নিম্নের কোনটি ঘটে তাহলে আপনাকে আপনার ভোটার তালিকাভুক্তির বিস্তারিত হালনাগাদ করতে হবেঃ

- যদি আপনি সম্প্রতি আপনার নাম বা ঠিকানা পরিবর্তন করে থাকেন
- যদি আপনার বয়স ১৮ বছর হয়, কিংবা
- যদি আপনি অস্ট্রেলিয়ার নাগরিকত্ব লাভ করেন

**aec.gov.au** ওয়েবসাইটটি দেখুন অথবা AEC এর কোন একটি অফিস থেকে একটি ভর্তি ফর্ম সংগ্রহ করে নিন।

## কখন এবং কোথায় ভোট দিতে হবে

কোনো এক শনিবার ভোট অনুষ্ঠিত হবে এবং সারাদেশে ভোট কেন্দ্রগুলি সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকবে।

ভোটের দিনের আগের কয়েক সপ্তাহে মোবাইল পোলিং টিম অনেক দূরবর্তী এলাকায় যাবে।

আপনি যদি ভোটের দিন উপস্থিত থাকতে না পারেন, তাহলে আপনি হয়ত ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে আগেই ভোট দেয়ার জন্য যোগ্য হতে পারেন।

গণভোটের কাছাকাছি সময়ে **aec.gov.au** ওয়েবসাইটে আরও বিস্তারিত জানা যাবে।


## ভোট কীভাবে দিতে হবে

গণভোটে ভোট দেয়া নির্বাচনে ভোট দেয়ার মতো নয়। আপনাকে কেবল একটি ব্যালট কাগজ পূরণ করতে হবে।

ব্যালট কাগজে সংবিধানের কোন একটি প্রস্তাবিত পরিবর্তন সম্পর্কে একটি প্রশ্ন থাকবে। আপনি যদি প্রস্তাবিত পরিবর্তনটি অনুমোদন করেন, তাহলে 'yes' লিখুন কিংবা অনুমোদন না করলে 'no' লিখুন।

আনুষ্ঠানিকভাবে কীভাবে ভোট দিতে হবে সে সম্পর্কে নির্বাচন কেন্দ্রে একজন পোলিং কর্মী, বন্ধুবান্ধব, অথবা পরিবারের সদস্যের কাছে আপনি সাহায্য চাইতে পারেন।


**ভুল করলে চিন্তা করবেন না।** আপনি আরেকটি ব্যালট কাগজ চেয়ে নিয়ে আবার শুরু করতে পারেন।




ব্যালট কাগজের নমুনা

আপনি যদি প্রস্তাবিত পরিবর্তনটি অনুমোদন করেন, তাহলে **YES** লিখুন

**অথবা**




ব্যালট কাগজের নমুনা

আপনি যদি প্রস্তাবিত পরিবর্তনটি অনুমোদন না করেন, তাহলে **NO** লিখুন

আপনাকে ইংরেজিতে উত্তরটি লিখতে হবে।

## ফলাফলটি কীভাবে নির্ধারিত হয়

সংবিধানে প্রস্তাবিত পরিবর্তন অবশ্যই ‘দ্বৈত সংখ্যাগরিষ্ঠ’ (‘double majority’) দ্বারা অনুমোদিত হতে হবে – অর্থাৎঃ

- সকল রাজ্য এবং অঞ্চল থেকে আনুষ্ঠানিক ভোট প্রদানের জাতীয় সংখ্যাগরিষ্ঠ (৫০% এর বেশি), এবং
- সংখ্যাগরিষ্ঠ সংখ্যক রাজ্যে (ছয়টি রাজ্যের অন্তত চারটি) সংখ্যাগরিষ্ঠ আনুষ্ঠানিক ভোট প্রদান (৫০% এর বেশি)।

**একটি গণভোট পাস হয় যখন**




**একটি গণভোট পাস হয় না যখন**




**ফলাফল বাধ্যতামূলক।** এর অর্থ হল অস্ট্রেলিয়ান সরকারকে ভোটাররা যে সিদ্ধান্ত নেয়, সে অনুযায়ী কাজ করতে হবে।

## গণভোট নিয়ে ভুল ভাঙ্গা

**ভুল ধারণাঃ** গণভোট যেকোনো বিষয় কিংবা আইনের ব্যাপারে অনুষ্ঠিত হতে পারে।
**সত্যিঃ** শুধুমাত্র সংবিধানে একটি প্রস্তাবিত পরিবর্তন করার জন্য গণভোট অনুষ্ঠিত হয়।

**ভুল ধারণাঃ** ২০১৭ সালের বিবাহ আইন সমীক্ষা একটি গণভোট বা জনমত ছিল।
**সত্যিঃ** এটি ছিল একটি ডাকযোগে জরিপ, এবং অংশগ্রহণ ছিল ঐচ্ছিক।

**ভুল ধারণাঃ** গণভোটে ভোট দেয়া বাধ্যতামূলক নয়।
**সত্যিঃ** আপনি যদি ১৮ বছর বা তদূর্ধ্ব বয়সের একজন অস্ট্রেলীয় নাগরিক হন তাহলে আপনাকে অবশ্যই ভোট দিতে হবে।

**ভুল ধারণাঃ** আমাকে আলাদাভাবে নাম তালিকাভূক্তি করতে হবে।
**সত্যিঃ** আপনি যদি নির্বাচনের জন্য তালিকাভূক্ত হয়ে থাকেন, আপনি গণভোটের জন্যও তালিকাভূক্ত আছেন। আপনাকে শুধু নিশ্চিত করতে হবে যে আপনার বিবরণ হালনাগাদ আছে।

**ভুল ধারণাঃ** আমি শুধুমাত্র ডাকযোগেই ভোট দিতে পারবো।
**সত্যিঃ** আপনি ভোটের দিন ভোট দিতে পারেন বা ভোটের কাছাকাছি সময়ে aec.gov.au ওয়েবসাইটে গিয়ে ব্যক্তিগতভাবে বা ডাকযোগে আগেই ভোট দেওয়ার জন্য আপনার যোগ্যতা যাচাই করতে পারেন।

**ভুল ধারণাঃ** একটি গণভোট পাস হতে হলে ৭০% অথবা তার বেশি ‘yes’ ভোটের দরকার হয়।
**সত্যিঃ** এটি অবশ্যই সমস্ত রাজ্য এবং অঞ্চলগুলির ৫০% এর বেশি ভোটার এবং সংখ্যাগরিষ্ঠ রাজ্যের ৫০% এর বেশি ভোটারদের দ্বারা অনুমোদিত হতে হবে (ছয়টি রাজ্যের মধ্যে কমপক্ষে চারটি)। এটাই ‘দ্বৈত সংখ্যাগরিষ্ঠতা’ (‘double majority’)।

## AEC এর ভূমিকা

AEC একটি স্বাধীন এবং নিরপেক্ষ সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ।

গণভোটে AEC এর ভূমিকা হল তালিকাভূক্তি, ভোটদান এবং তথ্য পরিষেবা প্রদান করা।

যদিও AEC অস্ট্রেলিয়ান পরিবারগুলিতে একটি ভাঁজ করা yes/no পুস্তিকা সরবরাহ করবে, এই পুস্তিকার তথ্য সংসদ কর্তৃক প্রকাশিত। পুস্তিকা বিতরণের বাইরে, সংবিধানে প্রস্তাবিত পরিবর্তনের পক্ষে বা বিপক্ষে প্রচারণার সাথে AEC এর কোনো সম্পৃক্ততা নেই।

## থামুন এবং উৎসটি কী তা ভেবে দেখুন

গণভোটে আপনার ভোট অস্ট্রেলিয়ার জন্য একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

গণভোটের সময়, আপনি হয়ত এমন তথ্য পেতে পারেন যা ইচ্ছাকৃতভাবে বিভ্রান্তিকর করা হয়েছে।

আপনি যা দেখেন, শুনেন বা পড়েন তার উত্সটি একটু থেমে একবার যাচাই করুন এবং বিবেচনা করুন। এই গণভোটে ভুল তথ্যে বিভ্রান্ত হবেন না।

উৎসটি যাচাই কীভাবে করতে হবে, সে বিষয়ে পরামর্শের জন্য **aec.gov.au** ওয়েবসাইট দেখুন।

আসন্ন গণভোটে
**উৎসটি যাচাই করুন**

**aec.gov.au/translated** 1300 720 153

AEC
Australian Electoral Commission

AEC23/1804

ইলেক্টোরাল কমিশনার, ক্যানবেরা কর্তৃক অনুমোদিত
Authorised by the Electoral Commissioner, Canberra